

৬. রবীন্দ্রনাথের পূর্ববর্তী রচনায় কোথাও কোথাও 'চগুলিকা'র কাহিনি-বীজটি খুঁজে পাও কি? মূল কোন্র রচনায় রবীন্দ্রনাথ এই কাহিনিটি গেয়েছিলেন? আর কোনও কবি কি এই একই কাহিনি নিয়ে কাব্যরচনা করেছেন? তোমার উত্তরসমূহ একটি সংক্ষিপ্ত প্রবন্ধে বিন্যস্ত করো। ১০

**অথবা**

৭. 'চগুলিকা'য় গান ব্যবহারে রবীন্দ্রনাথের কোন্র বিশেষ ভাবনা কাজ করেছে বলে তোমার মনে হয়? গানগুলির নাট্যপ্রসঙ্গ উল্লেখ করে বিশদ আলোচনা করো। ১০

৮. 'ডাকঘর' নাটক কিনা এ বিষয়ে রবীন্দ্রনাথ নানা কিছু বলেছেন। সেগুলি বিচার করে 'ডাকঘর'-এর নাট্যগুণ কোথায় তা দেখাও। ১০

**অথবা**

৯. 'ডাকঘর' নাটকে প্রকৃতি কেবল বাইরে নয়, নাটকের অন্তরেও প্রবেশ করেছে। এ নাটকের চরিত্রসমূহ বিচার করে বিশেষত অমলকে মনে রেখে এই উক্তির যৌক্তিকতা বিচার করো। ১০

---

 — X —

কলা স্নাতক অন্ত্য সেমেষ্টার পরীক্ষা, ২০১৮

(তৃতীয় বর্ষ, পঞ্চম সেমেষ্টার)

সাম্মানিক বাংলা

রবীন্দ্র সাহিত্য (পর্ব - ১)

কোর্স ইউ.জি. - ৫.১

সময় দু ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনও তিনিটি প্রশ্নের উত্তর দাও।

১. 'কবিতায় কালিদাসের কথা সরাসরি উল্লেখ করেছেন ঠিকই, কালিদাসের কাব্যের নানা দৃশ্যের আদল উঠে এসেছে এখানেও – কিন্তু রবীন্দ্রনাথের মেঘদূত ভাবে ও মেজাজে একেবারেই স্বতন্ত্র।' – এই মন্তব্যটি তুমি সমর্থন করবে কি? যুক্তিসহ উত্তর দাও। ১০

**অথবা**

২. 'সোনার তরী' কাব্যগ্রন্থে 'হৃদয়যমুনা' কবিতাটির তিন স্তবকে প্রেম ও মৃত্যুর ছায়া কীভাবে মিলেমিশে আছে সংক্ষেপে বুঝিয়ে দাও। ১০

৩. 'গান গেয়ে তরী বেয়ে' যে আসে – তার পরিচয় কী তা নিয়ে নানা বিতর্ক তোলা হয়। কবিতাটি আলোচনাসূত্রে প্রয়োজনীয় পঞ্জক্ষি উদ্ধার করে তুমি এই বিষয়ে তোমার মতামত জানাও। ১০

৪. বলাকা পর্বে রবীন্দ্রনাথের ঈশ্বর সম্পর্কিত ধারণা তোমার পঠিত কবিতা অবলম্বনে বুঝিয়ে লেখো। ১০

**অথবা**

৫. "বাঁশি" কবিতায় আসলে 'রোম্যান্টিক'-এর হয়ে 'রিয়েলিস্ট'-এর সঙ্গে লড়াই করতে চেয়েছেন রবীন্দ্রনাথ। কবিতাটি অবলম্বনে তোমার মতামত দাও। ১০

(Turn over)